

# কালের কণ্ঠ

আপডেট : ১ নভেম্বর, ২০১৮ ২৩:৩৮

জেএসসির প্রথম দিনে অনুপস্থিত সাড়ে ৪৩ হাজার



অষ্টম শ্রেণির জেএসসি-জেডিসি পরীক্ষা গতকাল থেকে শুরু হয়েছে। ছবিটি মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় থেকে তোলা।  
ছবি : কালের কণ্ঠ

প্রশ্নপত্র ফাঁসের কোনো অভিযোগ ছাড়াই অষ্টম শ্রেণির জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু হয়েছে। এ পরীক্ষায় প্রথম দিনে গতকাল বৃহস্পতিবার বাংলা পরীক্ষায় আট শিক্ষা বোর্ডে ৪৩ হাজার ৬৪২ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এদিন বহিষ্কার হয়েছে ১৭ পরীক্ষার্থী।

এদিকে প্রশ্ন ফাঁসের অভিযোগ না ওঠায় সন্তোষ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি প্রশ্ন ফাঁসের ভুয়া খবর প্রচার না করতে গণমাধ্যমকর্মীদের অনুরোধ জানান।

শিক্ষামন্ত্রী প্রথম দিন মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় এবং মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে জেএসসির কেন্দ্র পরিদর্শন করেন। মন্ত্রী সাংবাদিকদের বলেন, ‘প্রশ্ন ফাঁস ঠেকাতে কঠোর ব্যবস্থা নিয়েছি। আপনারা (গণমাধ্যমকর্মী) দয়া করে প্রমাণ ছাড়া প্রশ্ন ফাঁসের কথা বলবেন না।’

**বহিষ্কার ও অনুপস্থিত :** শিক্ষা মন্ত্রণালয়ের পরীক্ষা নিয়ন্ত্রণ কম্প্লেক্সের তথ্যানুযায়ী, ঢাকা বোর্ডে অনুপস্থিত ছিল ১৪ হাজার ১৩১ জন, চট্টগ্রামে তিন হাজার ১৯৬ জন, রাজশাহীতে পাঁচ হাজার ২৯৩ জন, বরিশালে তিন হাজার ২৫৬ জন, সিলেটে দুই হাজার ৯৮৬ জন, দিনাজপুরে পাঁচ হাজার ৫৬৬ জন, কুমিল্লায় চার হাজার ৩৫৪ এবং যশোরে চার হাজার ৮৬০ জন পরীক্ষার্থী।

আর এই পরীক্ষার প্রথম দিনে ঢাকা বোর্ডে বহিষ্কার হয়েছে ছয়জন, বরিশালে আট, কুমিল্লায় দুই এবং দিনাজপুর বোর্ডে একজন পরীক্ষার্থী।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইন্সট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com